

## সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১২৮২

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪১. রুকু' ও সিজদায় 'রফউল ইয়াদাইন' (উভয় হাত উত্তোলন) প্রসঙ্গে

### بَاب فِي رَفْعِ الْيَدَيْنِ فِي الرُّكُوعِ وَالسُّجُودِ

আরবী

أَخْبَرَنَا عُثْمَانُ بْنُ عُمَرَ أَخْبَرَنَا مَالِكٌ عَنْ الزُّهْرِيِّ عَنْ سَالِمٍ عَنْ أَبِيهِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ إِذَا دَخَلَ الصَّلَاةَ كَبَّرَ وَرَفَعَ يَدَيْهِ حَذْوَ مَنْكِبَيْهِ وَإِذَا رَكَعَ كَبَّرَ وَرَفَعَ يَدَيْهِ وَإِذَا رَفَعَ رَأْسَهُ مِنَ الرُّكُوعِ فَعَلَ مِثْلَ ذَلِكَ وَلَا يَرْفَعُ بَيْنَ السَّجْدَتَيْنِ أَوْ فِي السُّجُودِ

বাংলা

১২৮২. সালিম তার পিতা ইবনু উমার রাদিয়াল্লাহু আনহুমা হতে বর্ণনা করেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন সালাতে প্রবেশ (আরম্ভ) করতেন, তখন তাকবীর দিতেন এবং তাঁর উভয় হাত কাঁধ বরাবর উত্তোলন করতেন। এবং যখন রুকু' করতেন, তখনও তাকবীর দিতেন এবং উভয় হাত উত্তোলন করতেন আবার যখন রুকু' হতে মাথা উত্তোলন করতেন, তখনও এরূপ করতেন। তবে দু' সিজদার মাঝে কিংবা সিজদাসমূহের মাঝে তা উত্তোলন করতেন না।[১]

ফুটনোট

[১] তাহক্বীক: এর সনদ সহীহ।

তাখরীজ: সহীহ বুখারী ৭৩৫; সহীহ মুসলিম ৩৯০। আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৫৪২০, ৫৪৮১, ৫৫৩৪, ৫৫৬৪ ও সহীহ ইবনু হিব্বান নং ১৮৬১, ১৮৬৪, ১৮৬৮ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ সালিম ইবনু আবদুল্লাহ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link?id=81565>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন